ইত্তেফাক

তারিখ ... 13/2/79
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 6 ...

52

# সরকারী স্কুল ভবনে বহিরাগতদের অনধিকার প্রবেশের চেষ্টা

(ইত্তেফাক রিপোর্ট)

গত রবিবার দিবাগত রাত্রে একদল বহিরাগত লোক মতিঝিল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের জন্য বরাদ্দকৃত পাকা ভবনটিতে জোরপূর্বক প্রবেশ করে। গতকাল (সোমবার) সকালেও আরও কিছু বহিরাগত লোক উক্ত স্কুল ভবনে প্রবেশের চেষ্টা করে। এই পর্যায়ে সংশ্লিষ্ট স্কুলের ছাত্র ও শিক্ষকদের সাথে বহিরাগতদের হাঙ্গামা শুরু হয় এবং ছাত্র, শিক্ষক ও স্থানীয় অভিভাবকদের চেষ্টায় বহিরাগতদের স্কুল ভবন হইতে বাহির করিয়া দেওয়া হয়। ঘটনার খবর পাইয়া পুলিশ

(৮ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## সরকারী স্কুল ভবনে

(১ম পৃঃ পর)

ঘটনাস্থলে উপস্থিত হইয়া শান্তি রক্ষা করে।

এ ব্যাপারে মতিঝিল আইডিয়াল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও স্থানীয় অভিভাবকদের সহিত যোগাযোগ করিয়া জানা যায় যে, গণপূর্ত ও নগর উন্নয়ন মন্ত্রণালয়ের ১৭-১১-৭৮ তারিখের নির্দেশে গত ২০-১১-৭৮ তারিখে উক্ত ভবনটি খালি করা হয়। অতঃপর বাংলাদেশ জনশিক্ষা পরিচালকের ১৫-১২-৭৮ তারিখের নির্দেশ এবং গণপূর্ত মন্ত্রণালয়ের ২১-১১-৭৮ তারিখের স্মারক নম্বর ১৯৬৫/৮-এ অনুযায়ী আইডিয়াল সরকারী প্রাথমিক বিদ্যালয় কর্তৃপক্ষকে গত ১৮-১২-৭৮ তারিখে সংশ্লিষ্ট ভবনটি সম্পূর্ণ খালি অবস্থায় স্কুলের জন্য দখল দেন।

অতঃপর আংশিকভাবে স্কুলটি অস্থায়ী ভবন হইতে স্থানান্তরিত করিয়া সেখানে পুনঃ নির্মাণ ও সংস্কারের কাজ শুরু করা হয়। এই পর্যায়ে গত রবিবার দিবাগত রাত্রে সেখানে বহিরাগত লোকেরা জোরপূর্বক প্রবেশের চেষ্টা করে। এ ব্যাপারে আইডিয়াল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পক্ষ হইতে মতিঝিল থানায় একটি মামলা দায়ের করা হইয়াছে।